দেশে সারের পর্যাপ্ত মজুত রয়েছে কোনো ঘাটতি নেই-রংপুরে কৃষি সচিব

● স্টাফ রিপোর্টার

দেশে সারের পর্যাপ্ত মজুত রয়েছে, কোনো ধরনের সার সংকট বা ঘাটতি নেই বলে জানিয়েছেন কৃষি মন্ত্রণালয়ের সচিব সেলিম খান। তিনি বলেন, একটি মহল কৃত্রিম সংকট তৈরি করে সার নিয়ে ইস্যু সৃষ্টি করার চেষ্টা করছে। কৃষক ও কৃষি নিয়ে কেউ ছিনিমিনি খেলতে চাইলে সরকার হাত গুটিয়ে বসে থাকবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি। রোববার (১৬ আগস্ট) দুপুরে রংপুর বিভাগীয় কমিশনার কার্যালয়ের মিলনায়তনে মাঠপর্যায়ে সার ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্টদের নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন কৃষি সচিব।

সেলিম খান বলেন, দেশে বর্তমানে পর্যাপ্ত পরিমাণ সার মজুত রয়েছে। ফলে কৃষকদের সার পাওয়া নিয়ে উদ্বিগ্ন হওয়ার কোনো কারণ নেই। সার সরবরাহ ও বিতরণ ব্যবস্থাপনা স্বাভাবিক রাখতে সরকার প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নিয়েছে। কেউ কৃত্রিম সংকট সৃষ্টি করে কৃষকদের দুর্ভোগে ফেলতে চাইলে তা কঠোরভাবে মোকাবিলা করা হবে। তিনি আরও বলেন, বিগত সময়ে যারা ফ্যাসিস্ট কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিল, তারা সার নিয়ে কৃত্রিম সংকট দেখিয়ে নতুন করে ইস্যু তৈরির চেষ্টা ২ এর পাতা ১ ক:

দেশে সারের পর্যাপ্ত মজুত রয়েছে

করছে। এ ধরনের অপচেষ্টা কোনোভাবেই সফল হতে দেওয়া হবে না। কৃষকের স্বার্থ রক্ষা এবং কৃষি উৎপাদন স্বাভাবিক রাখতে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। কৃষি সচিব বলেন, সার ব্যবস্থাপনায় মাঠপর্যায়ে কোনো ধরনের অনিয়ম, কৃত্রিম সংকট, মজুতদারি বা কৃষক হয়রানির অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। কৃষকের কাছে নির্ধারিত দামে ও সঠিক সময়ে সার পৌঁছে দিতে সংশ্লিষ্ট সব পক্ষকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান তিনি। সভায় সভাপতিত্ব করেন রংপুর বিভাগীয় কমিশনার শহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক আব্দুর রহিম, বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের (বিএফএ) চেয়ারম্যান মোশাররফ হোসেন, রংপুর রেঞ্জের ডিআইজি আমিনুল ইসলাম, রংপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আব্দুল মাবুদ, র‍্যাব-১৩-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মনজুর করিম প্রদীপ এবং বিজিবি রংপুর সেক্টরের কমান্ডার নাজিউর রহমান। এ ছাড়া কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), স্থানীয় সরকার রংপুর বিভাগের পরিচালক, বিভাগের আট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, পুলিশ সুপার, সার ডিলার ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় গণমাধ্যমকর্মীরাও অংশ নেন। সভায় মাঠপর্যায়ে সার সরবরাহ, মজুত ও বিতরণ পরিস্থিতি, ডিলারদের কার্যক্রম এবং কৃষকদের কাছে নিরবচ্ছিন্নভাবে সার পৌঁছে দেওয়ার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।□

CamScanner